

যুগান্তর

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩৩ কলাম ... ..

## বাকুবি ক্যাম্পাসে ২৫ ঘণ্টা কাটিয়ে দিলেন শিক্ষামন্ত্রী

বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষ্ঠানে যে মানুষটি এক সময় শিক্ষার্থীদের কৃষি বিষয়ক জ্ঞান দিতেন তিনি এখন দেশের শিক্ষামন্ত্রী। মন্ত্রী প্রফেসর ড. এম. ওসমান ফারুক অনেকদিন পর স্মৃতিবিহীন নিজ ক্যাম্পাসে আসেন। নিজে যেতে উঠলেন, মাতালেন ক্যাম্পাসবাসীকে। বৃহস্পতিবার সকাল ১১টায় মন্ত্রী কৃষি ক্যাম্পাসে এসেছিলেন মাত্র কয়েক ঘণ্টার জন্য। মায়া কাটাতে না পেরে থেকে গেলেন পাক্ষা ২৫ ঘণ্টা। বৃহস্পতিবার দুপুরে মূল অনুষ্ঠান বিশ্ববিদ্যালয় মিলনায়তনে পুরস্কার বিতরণ করলেন মেধাবীদের মাঝে। ওই অনুষ্ঠানের পর থেকেই শুরু হয় মন্ত্রীর কৃষি ক্যাম্পাসের প্রতি হৃদয়তার উদাহরণ। একে একে অনির্ধারিত সব অনুষ্ঠান। আধুনিক ইংলিশ ল্যাবের ফিটা কাটলেন, ছয়টি অনুষ্ঠানে নিজে চষে বেড়িয়ে শিক্ষকদের সঙ্গে কথা বলে খুঁজে বের করলেন অনুষ্ঠানীয় সমস্যাগুলো। সময় দিলেন বাকুবি শিক্ষক সমিতি, সেন্সারী দল, সাংবাদিক সমিতি, জাতীয়তাবাদী ছাত্রদল, কিশোরগঞ্জ জেলা সমিতির নেতৃবৃন্দকে। মন্ত্রীর সঙ্গে কথা বলে নিহত বাকসু নেতা হাসুর পরিবারও। রাতে বিশ্ববিদ্যালয় মিলনায়তনে ছাত্রছাত্রীরা তাদের পুরনো শিক্ষকের সম্মানে আয়োজন করে এক সাংস্কৃতিক অনুষ্ঠান। মন্ত্রী উপাচার্য বাসভবনে রাত যাপন করলেন।

ওত্রবার সকালে মন্ত্রী যখন ঢাকার উদ্দেশে ক্যাম্পাস ত্যাগ করার পরিকল্পনা করছিলেন তখনই আশরাফুল হক হলের পেছা রক্তদাতাদের সংগঠন 'বাহন'-এর একটি অনুষ্ঠান আছে তখন ছুটে গেলেন। সেখানে কিছু সময় কাটিয়ে শিক্ষামন্ত্রী যখন ঢাকা যাওয়ার কথা স্বরণ করলেন তখন ঘড়ির কাঁটা ১২টার ঘর পেরিয়ে গেছে।